



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসির আয়োজনে দুই দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৯ আগস্ট ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে শুরু হয়েছে দুই দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালা। ২৯ আগস্ট ২০২২ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে **Workshop on Exam Controller Office Automation** এবং **Workshop on Automated Result Processing** বিষয়ের উপর এই কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালাটি উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সভাপতিত্বে কর্মশালায় তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের সহকারী অধ্যাপক ড. মঞ্জুর আহমেদ, **Addie shoft Ltd** এর ব্যবস্থাপনা পরিচালক সাকিব রাব্বানী এবং হেড অব সিস্টেম সাপোর্ট শরিফুল ইসলাম। দুই দিনব্যাপী আয়োজিত এ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২৪টি বিভাগের সম্মানিত চেয়ারম্যান এবং প্রতিটি বিভাগের একজন করে সিনিয়র শিক্ষক অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বরিশাল আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. রহিমা নাসরিন। কর্মশালাটি আগামী ৩০ আগস্ট ২০২২ তারিখ বিকাল ৪ টায় শেষ হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়